

## শাবিতে ভর্তি পরীক্ষা জালিয়াতির ঘটনায় আটক ৫

শাবি প্রতিনিধি



২৭ অক্টোবর ২০১৯

০০:০০ | আপডেট: ২৭

অক্টোবর ২০১৯ ০০:২৩

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) প্রথম বষের ভর্তি পরীক্ষায় ডিজিটাল জালিয়াতির ঘটনায় চার পরীক্ষা কেন্দ্র থেকে পাঁচ শিক্ষার্থীকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে।

গতকাল শনিবার দুপুর আড়াইটা থেকে শুরু হওয়া বি ইউনিটের ভর্তি পরীক্ষায় ক্যালকুলেটর ও ছোট ডিভাইসে সিম কার্ড ব্যবহার করে জালিয়াতির চেষ্টাকালে এই পাঁচ জনকে আটক করা হয়। নগরীর শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসা কেন্দ্র থেকে ২ জন, সিলেট পলিটেকনিক ইনসিটিউট কেন্দ্র থেকে ১ জন, মইন উদ্দিন আদর্শ মহিলা কলেজ কেন্দ্র থেকে ১ জন এবং সিলেট মডেল স্কুল অ্যাড কলেজকেন্দ্র থেকে ১ জন শিক্ষার্থীকে আটক করা হয়। উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন।

advertisement

আটককৃতরা হলো<sup>N</sup> বগুড়া জেলার আবুল গফুর খলিফার ছেলে মাহমুদুল হাসান, একই জেলার মাকসুতুর রহমানের ছেলে সাদ মো. সায়েল, তোফাজ্জল হোসেনের ছেলে আহসান আলী এবং তোহিদুল ইসলামের ছেলে ইব্রাহিম খলিল জীবন। ময়মনসিংহ জেলার জাহেরুল ইসলাম খানের ছেলে মোহাইমিনুল ইসলাম খান রিফাত।